



বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



মুজিব ১০০

সূত্র : বাইএ/সেমিনার/২০২২

তারিখ : ১০/০৮/২০২২

বিষয়: বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি কর্তৃক আয়োজিতব্য 'Artificial Intelligence (AI) in the insurance industry: Making a quantum leap' শীর্ষক অনলাইন সেমিনারে কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

তারিখ: ২৫/০৮/২০২২ ইং সময়: সকাল ৯.৩০ টা হতে দুপুর ১.৩০ টা পর্যন্ত।

মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি আগামী ২৫ শে আগস্ট ২০২২ ইং তারিখে অন-লাইনে একটি সেমিনার আয়োজনের পরিকল্পনা করেছে। বর্তমান বিশ্বে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দ্রুত বিকশিত হচ্ছে এবং ব্যবসায়িক প্রবৃদ্ধির জন্য এটি কার্যকর সুযোগ তৈরি করেছে। বীমা সংস্থাগুলি যে সমস্ত কার্যকর ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করতে পারে তার মধ্যে গ্রাহক পরিসেবা, বিপণন, দাবি প্রক্রিয়াকরণ এবং পরিশোধ, আন্ডাররাইটিং (Underwriting) এবং জালিয়াতি (Fraud) সনাক্তকরণ অন্যতম। বীমা প্রতিষ্ঠানগুলো গ্রাহকের অপেক্ষার সময় কমিয়ে গ্রাহকের অভিজ্ঞতা উন্নত করতে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করতে পারে।

স্থানীয় বীমা কোম্পানিগুলি কৃত্রিম বুদ্ধিমত্তা-নির্ভর উদ্ভাবন শুরু করতে তাদের নিজস্ব Technology Stack এবং বিদ্যমান জনশক্তি ব্যবহার করতে পারে। এগুলি হল: নথি প্রক্রিয়াকরণ এবং ডিজিটালাইজেশন; আন্ডাররাইটার রোটমেকিং ইত্যাদি। কিন্তু আমাদের দেশের বীমা প্রতিষ্ঠানসমূহ এখনও কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার শুরু করেনি। এ জন্য আমাদের দেশের বীমা শিল্প কিভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের মাধ্যমে আধুনিকীকরণ করতে পারে এবং ব্যবসায়িক সফলতা লাভ করতে পারে সে লক্ষ্যে একাডেমি উপরোক্ত বিষয়ে একটি সেমিনার আয়োজন করতে মনস্থ করেছে।

উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে জনাব আবদুল্লাহ হারুন পাশা, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সেমিনারে মডারেটর হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন এ্যাকচুয়ারি, চেয়ারম্যান, একাডেমিক কমিটি, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করবেন ড. মো: সোহরাব হোসেন, অধ্যাপক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), জনাব নুরুর রহমান, ডাটা সাইন্স লিড, গার্ডিয়ান লাইফ ইনসিওরেন্স, ইউ এস এ।

সেমিনারে আপনার প্রতিষ্ঠান থেকে একাধিক উর্ধ্বতন কর্মকর্তা মনোনীত করে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির অনুকূলে সেমিনার ফি জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) হারে আগামী ২৩/০৮/২০২২ ইং তারিখের মধ্যে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

সেমিনার বিষয়ক প্রয়োজনীয় তথ্যের জন্য মিড ইসরাত আরা বানু, লাইব্রেরিয়ান, মোবাইল: ০১৭১৭-৫৪৯১০৯ মিড অপর্ণা সাহা, ইন্সট্রাক্টর, মোবাইল: ০১৭৪৫-৩৫৯০৬৯, জনাব মো: ওয়ালিদ, গবেষণা কর্মকর্তা, মোবাইল: ০১৯২০৮১৩৩২৯ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


(এস.এম ইব্রাহিম হোসাইন, ACII)
পরিচালক (অ:দা:)

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

Email:- bangladeshinsuranceacademy@gmail.com

বিতরণ- কার্যার্থে/সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- | | |
|--|--|
| ১. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | - সদয় অবগতির জন্য |
| ২. অতিরিক্ত সচিব (বীমা) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সদয় অবগতির জন্য |
| ৩. ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন | - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য |
| ৪. ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন | - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য |
| ৫. সিইও ও ব্যবস্থাপনা পরিচালক (সকল লাইফ ও নন লাইফ ইনসিওরেন্স কোম্পানী) | - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য |
| ৬. প্রশাসন বিভাগ ও হিসাব বিভাগ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি | - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য |
| ৬. সকল ফ্যাকাল্টি মেম্বর ও কর্মকর্তাগণ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি | - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য |